



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (চিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি
০৯ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়ঃ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক ভোজ্য তেলের উপর অভিযান

আজ ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ভোজ্য তেলসহ নিয় প্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল ও সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে দেশব্যাপী বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। এরই অংশ হিসেবে অধিদপ্তরের পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার) জনাব ফকির মুহাম্মদ মুনাওয়ার হোসেন এঁর নেতৃত্বে ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাধীন জিনজিরা বাজার এবং ঢাকা মহানগরের নয়াবাজারে ভোজ্য তেলের উপর তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। অভিযানে উপস্থিত থেকে সহযোগিতা করেন অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক জনাব বিকাশ চন্দ্র দাস এবং সহকারী পরিচালক (মেট্রো-১) জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল।

অভিযানে সরকার কর্তৃক নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে বোতলজাত সয়াবিন ও খোলা স্বাধীন তেল বিক্রয়, বোতলজাত সয়াবিন তেলের সাথে চিনি, আটা, ময়দা, চা পাতা, পোলাওয়ের চাল ইত্যাদি ক্রয় করতে বাধ্য করা ইত্যাদি অপরাধে জিনজিরা বাজারের নিজাম এন্ড ব্রাদার্সকে ২০ হাজার টাকা, রহমান জেনারেল স্টোরকে ১০ হাজার টাকা, জাকির জেনারেল স্টোরকে ১০ হাজার টাকা, মদিনা জেনারেল স্টোরকে ১০ হাজার টাকা এবং নয়াবাজারের মা জেনারেল স্টোরকে ৫ হাজার টাকা ও মেসার্স মনোয়ার স্টোরকে ৫ হাজার টাকাসহ ৬ প্রতিষ্ঠানকে সর্বমোট ৬০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

উল্লেখ্য, অভিযানে বাজারে স্বাধীন তেলের অপেক্ষাকৃত কম সরবরাহ লক্ষ্য করে গেছে এবং খুচরা, পাইকারি ও ডিলার কোন পর্যায়ে ভোজ্যতেল ক্রয় বিক্রয়ের পাকা ক্যাশ মেমো সরবরাহ করা হচ্ছে না মর্মে জানা যায়।

জনস্বার্থে এ সকল কার্যক্রম অব্যাহত থাকবে।

স্বাক্ষরিত/-

জনাব আফরোজা রহমান

উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার)

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর